

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের পর নির্দিষ্ট সংখ্যায় তাসবীহ, তাহমীদ ও তাকবীর পাঠ করার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْنُ الْأُمْرِ بِالتَّسْبِيحِ وَالتَّحْمِيدِ وَالتَّكْبِيرِ لِلْمَرْءِ بِعَدَدٍ مَعْلُومٍ فِي عَقِبِ صَلَاتِهِ

আরবী

2008 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبَانَ قَالَ: حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طلحة: عن أَنسِ بْنِ مَالِكٍ قَالَ: جَاءَتْ أُمُّ سُلَيْمٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ عَلِّمْنِي مَالِكٍ قَالَ: (سبِحي اللَّهُ عَشْرًا وَاحْمَدِيهِ عشراً وكبِريه عشراً ثم سليه حاجتك)

الراوي: أنس بن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2008 | خلاصة حكم المحدث: صحيح لغيره؛ دون قوله: ((سليه حاجتك)) - ((الصحيحة)) (3688), ((الضعيفة)) (3688).

বাংলা

২০০৮. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "উন্মু সুলাইম রাদ্বিয়াল্লাহু আনহা একবার রাসূল সাল্লাল্লাহু এয়া সাল্লামের কাছে আসেন, অতঃপর বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে এমন কিছু কালেমা শিক্ষা দিন, যা আমি দ্বারা আমি আমার সালাতে দু'আ করবো।" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি দশবার সুবহানাল্লাহ বলবে, দশবার আলহামদু লিল্লাহ বলবে, দশবার আল্লাহু আকবার বলবে। তারপর তুমি তোমার প্রয়োজন তাঁর কাছে চাইবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১২০; নাসাঈ: ৩/৫১; তিরমিযী: ৪৮১; হাকিম: ১/২৫৫।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটির "তারপর তুমি তোমার প্রয়োজন চাইবে" এই অংশ বাদে বাকী অংশ সহীহ লিগাইরিহী বলেছেন। (আ সহীহাহ: ৩৩৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন